

## ভর্তি

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে পাবলিক হেলথ মাস্টার্স, ক্লাস শুরুবার

পড়াশোনা ডেস্ক

প্রকাশ: ১৫ এপ্রিল ২০২৫, ১৫: ৫২



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে পাবলিক হেলথ অ্যান্ড ইনফ্রামেটিকস বিভাগে সামার-২০২৫ সেশনে মাস্টার অব পাবলিক হেলথ প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে।

## দরকারি তথ্য—

- কোর্সের মেয়াদ: এক বছর পাঁচ মাস (৪ সেমিস্টার),
- মোট ৫২ ক্রেডিট,

৩. ফ্লাসের সময়: সান্তাহিক ছুটির দিন শুক্রবার,

৪. আবেদন ফি ২০০০ টাকা।

### আবেদনের যোগ্যতা—

১. ব্যাচেলর ডিগ্রি (তিন বা চার বছর বা সমমানের ডিগ্রি পাসের সমমান হতে হবে) পাবলিক হেলথ বা এমবিবিএস, বিডিএস, নার্সিং অথবা সংশ্লিষ্ট বিষয়ে মেডিকেল সায়েন্স, হেলথ সায়েন্স, বায়োলজিক্যাল সায়েন্স, সোশ্যাল সায়েন্স, ফিজিক্যাল সায়েন্স, সাইকোলজি অথবা আর্টস, কম্পিউটার সায়েন্স, ইনফরমেশন টেকনোলজি এবং অন্যান্য বিভাগ।

২. এসএসসি, এইচএসসি এবং স্নাতক পরীক্ষায় কমপক্ষে সিজিপিএ ৩ অথবা ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা শ্রেণি থাকতে হবে।

৩. অনলাইনে ভর্তির আবেদন ফরম পাওয়া যাবে পাশের [ওয়েবসাইটে](#):

### ভর্তির পরীক্ষার বিস্তারিত—

১. ভর্তি পরীক্ষা এমসিকিউ পদ্ধতিতে হবে

২. ভর্তি পরীক্ষার সময় এক ঘণ্টা

৩. প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে

৪. ভর্তি পরীক্ষার বিষয় ও নম্বর বর্ণন: ইংরেজি ৫, সাধারণ জ্ঞান ১০, মৌলিক পরিসংখ্যান ৫, মানসিক দক্ষতা এবং গাণিতিক ৫, কম্পিউটার শিক্ষা ৫, বাংলাদেশের সামাজিক দিক ৫, সমসাময়িক স্বাস্থ্য-সম্পর্কিত বিষয় (জাতীয় ও বিশ্ব) ১০, জনস্বাস্থ্যের মৌলিক জ্ঞান ১০, মানব জীববিজ্ঞানের মৌলিক বিষয় ৫ নম্বর।

### ভর্তির দরকারি তারিখ—

১. আবেদনের শেষ তারিখ: ৩০ এপ্রিল ২০২৫।

২. ভর্তি পরীক্ষার তারিখ: ২ মে ২০২৫, সকাল ১০টা ৩০ মিনিট।

\*বিস্তারিত তথ্য জানতে [ওয়েবসাইটে](#):

